
# এসএসসি – ২০২১ হিসাববিজ্ঞান ২য় এসাইনমেন্ট

## গ)




**প্রকৃত জাবেদা** : সাধারণ জাবেদা ও প্রকৃত জাবেদা একই অর্থবোধক। যে সকল লেনদেন বিশেষ জাবেদায় অন্তর্ভুক্ত হয় না সে সকল লেনদেন প্রকৃত জাবেদায় অন্তর্ভুক্ত হয়।

১। **সংশোধনী জাবেদা** : লেনদেন লিপিবদ্ধকরণে কোনো ভুল সংঘটিত হলে হিসাবে কাঁটা-ছেঁড়া করে ঠিক করা যায় না। জাবেদা দাখিলার মাধ্যমে উক্ত ভুল সংশোধন করতে হয়। ভুল সংশোধনের জন্য যে জাবেদা দাখিলা প্রদান করা হয়, তা-ই সংশোধনী জাবেদা।

আসবাবপত্র ক্রয় ১০,০০০ টাকা, ভুলবশত ক্রয় হিসাব ১০,০০০ টাকা দ্বারা ডেবিট করা হয়েছে।

| তারিখ | বিবরণ / হিসাবের নাম ও ব্যাখ্যা | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ২০১৭ ডিসে: ৩১ | আসবাবপত্র হিসাব ডেবিট<br>ক্রয় হিসাব ক্রেডিট<br>(আসবাবপত্র হিসাবের পরিবর্তে ভুলে ক্রয় হিসাব ডেবিট করা হয়েছিল, যা সংশোধন করা হল)। | –<br>– | ১০,০০০ | <br>১০,০০০ |

২। **সমন্বয় জাবেদা** : আর্থিক ফলাফল নিরূপণের জন্য আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়। আর্থিক বিবরণী প্রস্তুতের সময় বকেয়া বা অগ্রিম খরচ, প্রাপ্য অথবা অগ্রিম প্রাপ্ত আয়, অবচয় বা অবলোপন, কুঋণ সঞ্চিতি ইত্যাদি লেনদেনের প্রাথমিক হিসাব বইতে অন্তর্ভুক্তির জন্য যে জাবেদা প্রস্তুত করা হয়, তাই সমন্বয় জাবেদা।

২০১৭ সালে ভাড়া বাবদ পরিশোধ হয়েছে ১০,০০০ টাকা, আর্থিক বিবরণী প্রস্তুতের পূর্বে জানা গেল উক্ত ভাড়ার মধ্যে অগ্রিম ভাড়া ২,০০০ টাকা অন্তর্ভুক্ত। এই ক্ষেত্রে সমন্বয় জাবেদা হবে–

| তারিখ | বিবরণ / হিসাবের নাম ও ব্যাখ্যা | | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০১৭ ডিসে:৩১ | অগ্রিম ভাড়া হিসাব | ডেবিট | – | ২,০০০ | |
| | ভাড়া হিসাব | ক্রেডিট | – | | ২,০০০ |
| | (অগ্রিম ভাড়া প্রদান ভাড়া হিসাবের সহিত সমন্বয় করা হলো) | | | | |

**টিকা :** অগ্রিম খরচ সম্পদ বিধায় সংশ্লিষ্ট খরচ হতে বাদ যাবে, এতে করে খরচ হ্রাস এবং সম্পদ বৃদ্ধি পেয়েছে।

৩। **সমাপনী জাবেদা :** কোন নির্দিষ্ট বছরের মুনাফা জাতীয় আয় ও ব্যয় পরবর্তী বছরের হিসাবে কোনো প্রভাব ফেলবে না। তাই আর্থিক বিবরণী প্রস্তুতের সময় মুনাফা জাতীয় আয় ও ব্যয় হিসাবসমূহ বন্ধ করে দিতে হয়। হিসাব অধ্যায়ে আমরা জেনেছি, আয় হিসাব ক্রেডিট ও ব্যয় হিসাব ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে। মুনাফা জাতীয় আয় ও ব্যয় হিসাব বন্ধ করার জন্য আয় হিসাব ডেবিট ও ব্যয় হিসাব ক্রেডিট করতে হবে। তাছাড়া সমাপনী জাবেদার মাধ্যমে উত্তোলন হিসাবও বন্ধ করা হয়।

উদাহরণ– ২০১৭ সালে প্রতিষ্ঠানের মুনাফা জাতীয় আয় ও ব্যয় হিসাবের উদ্বৃত্তসমূহ ছিল–

ক্রয় ৫০,০০০ ; বিক্রয় ৮০,০০০ ; বেতন ১০,০০০ ; ভাড়া ৫,০০০।

| তারিখ | বিবরণ / হিসাবের নাম ও ব্যাখ্যা | | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০১৭ ডিসে : ৩১ | বিক্রয় হিসাব | ডেবিট | – | ৮০,০০০ | |
| | আয় বিবরণী | ক্রেডিট | – | | ৮০,০০০ |
| | (বিক্রয় হিসাবের উদ্বৃত্ত আয় বিবরণীতে স্থানান্তরের মাধ্যমে বন্ধ করা হলো) | | | | |
| | আয় বিবরণী | ডেবিট | | ৬৫,০০০ | |
| | ক্রয় হিসাব | ক্রেডিট | | | ৫০,০০০ |
| | বেতন হিসাব | ক্রেডিট | | | ১০,০০০ |
| | ভাড়া হিসাব | ক্রেডিট | | | ৫,০০০ |
| | (ক্রয় হিসাব, বেতন হিসাব ও ভাড়া হিসাবের উদ্বৃত্ত আয় বিবরণীতে স্থানান্তরের মাধ্যমে বন্ধ করা হলো) | | | | |

৪। **প্রারম্ভিক জাবেদা :** ব্যবসায় প্রতিষ্ঠান একটি চলমান প্রক্রিয়া। বিগত বছরের হিসাবকালের শেষ দিনের সম্পদ, দায় ও মালিকানা স্বত্বের পরিমাণ পরবর্তী বছরের শুরুতে হিসাবে নিয়ে আসার জন্য প্রারম্ভিক দাখিলা প্রদান করা হয়।

উদাহরণ– ডিসেম্বর ৩১, ২০১৭এ নগদান হিসাব ৫০,০০০ টাকা, আসবাবপত্র হিসাব ৩০,০০০ টাকা, দেনাদার হিসাব ২০,০০০ টাকা, পাওনাদার হিসাব ১৫,০০০ টাকা এবং মূলধন হিসাব ৮৫,০০০ টাকা ।

| তারিখ | বিবরণ / হিসাবের নাম ও ব্যাখ্যা | | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০১৮ জানু : ১ | নগদান হিসাব | ডেবিট | – | ৫০,০০০ | |
| | আসবাবপত্র হিসাব | ডেবিট | – | ৩০,০০০ | |
| | দেনাদার হিসাব | ডেবিট | – | ২০,০০০ | |
| | পাওনাদার হিসাব | ক্রেডিট | – | – | ১৫,০০০ |
| | মূলধন হিসাব | ক্রেডিট | – | – | ৮৫,০০০ |
| | (২০১৭ সালের শেষ কর্মদিবসের সম্পদ, দায় ও মালিকানা স্বত্ব নিয়ে ২০১৮ সালের প্রারম্ভিক দাখিলা লেখা হলো) | | | | |

৫। অন্যান্য জাবেদা: বিশেষ জাবেদার লেনদেনসমূহ এবং প্রকৃত জাবেদার উল্লিখিত চার ধরনের লেনদেন ছাড়াও ব্যবসায়ে কতিপয় লেনদেন সম্পন্ন হয়, যেমন- ধারে সম্পত্তি ক্রয়-বিক্রয়, বাট্টা প্রদান ও বাট্টা প্রাপ্তি, পণ্য বিতরণ প্রভৃতি। এসব লেনদেনও প্রকৃত জাবেদায় লিপিবদ্ধ হয়।

## ঘ)

| তারিখ | হিসাবের শিরোনাম ও ব্যাখ্যা | খ:পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ২০২০<br>জানু:-১ | নগদগান হি. – ডে.<br>ব্যাংক হি. – ডে.<br>ক্রয় হি. – ডে.<br>মূলধন হি. – ক্রে.<br>(যেহেতু নগদ টাকা, ব্যাংক জমা ন্যদ্রব্য নিয়ে ব্যবসায় শুরু করা হলো) | | ৩০,০০০<br>৪০,০০০<br>১৫,০০০ | <br><br><br>৮৫,০০০ |
| জানু:- ৫ | নগদান হি. – ডে.<br>প্রাপ্য হি. – ডে.<br>বিক্রয় হি. – ক্রে.<br>(যেহেতু নগদে ৪০% এবং বাকীটা ধারে বিক্রয় করা হলো) | | ৮,০০০<br>১২,০০০ | <br><br>২০,০০০ |
| জানু:- ৭ | নগদান হি. – ডে<br>ব্যাংক হি. – ক্রে.<br>(যেহেতু ব্যাংক মহতে উত্তোলন করা হলো) | | ১২,০০০ | <br>১২,০০০ |
| জানু:-১০ | বিজ্ঞাপন হি. – ডে.<br>নগদান হি. – ক্রে.<br>(যেহেতু প্রচারণা বাবদ ব্যয় প্রদান করা হলো) | | ৮,০০০ | <br>৮,০০০ |
| | মোট | | ১,২৫,০০০ | ১,২৫,০০০ |

বি:দ্র:- আমি সংক্ষেপে ডে. ক্রে. হি. লিখেছি ।তোমরা সংক্ষেপে লিখবে না। ব্যাখ্যা ও যোগফল অবশ্যই করবে।